

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০১

www.dyd.gov.bd.

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৮২


বিষয়ঃ ঋণ কার্যক্রমের মাসিক প্রতিবেদনে চিহ্নিত অসংগতির সংগতি সাধন প্রসংগে।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.২৯.০০২.১৭- ৪৯ তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থবছরে নীলফামারী জেলায় অনুষ্ঠিত “ক্ষুদ্রঋণ ও আত্মকর্মসংস্থান কার্যক্রম মূল্যায়ন এবং বাস্তবায়ন” শীর্ষক বিভাগীয় কর্মশালায় অংশগ্রহণকারী উপজেলাসমূহের ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদন বিশ্লেষণ করে প্রতিবেদনে বিরাজিত অসংগতিসমূহ চিহ্নিত করে সেসবের সংগতি সাধনের লক্ষ্যে সূত্রস্থ পত্রের মাধ্যমে নির্দেশনা দেয়া হয়েছিল এবং কর্মশালায় সংশ্লিষ্ট উপজেলার ঋণ প্রতিবেদনের অসংগতি বিষয়ে আলোচনা হয় এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে এ কাজে অধিকতর সম্পৃক্ত হতে পরামর্শ প্রদানসহ ঋণের প্রতিবেদনের অসংগতির সংগতি সাধন করতে পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে আগষ্ট/১৭ মাসের ঋণের মাসিক প্রতিবেদন বিশ্লেষণ করে গাইবান্ধা জেলাধীন উপজেলাসমূহের চিহ্নিত অসংগতির সংগতি সাধনের অগ্রগতির তথ্যচিত্র নিম্নের ছকে বর্ণনা করা হলোঃ

নং	উপজেলার নাম	ডিসেম্বর/১৬ মাসের ঋণ প্রতিবেদনে চিহ্নিত অসংগতি	আগষ্ট/১৭ মাসের প্রতিবেদনে চিহ্নিত অসংগতির বর্তমান অবস্থা	কর্মশালায় চিহ্নিত অসংগতির সংখ্যা	আগষ্ট/১৭ মাসের প্রতিবেদনে সংশোধনের সংখ্যা
০১.	সাদুল্যাপুর	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ১৫নং কলামে ক্রমপঞ্জিত উপকারভোগী ৪৭৬ জন এবং ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় মোট উপকারভোগী ৪৬০ জন দেখানো হয়েছে।	এখনও ক্রমপঞ্জিত উপকারভোগী ৪৭৬ জন এবং ঋণের মাসিক প্রতিবেদনে ১ম দফায় মোট উপকারভোগী ৪৬৭ জন দেখানো হচ্ছে।	১টি	১টি
০২.	পলাশবাড়ী	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৪নং (ক) কলামে আদায়যোগ্য হয়নি আসল ২৭৯৩৪৮/- বেশি দেখানো হয়েছে। খ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৫.১নং কলামে বিতরণযোগ্য ব্যাংক স্থিতিতে ১৭৭২৩২/- কম দেখানো হয়েছে। গ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে মাস শেষে ৪নং (ঘ) কলামে কিস্তি খেলাপী আদায়যোগ্য আসল ২৫০০/- কম দেখানো হয়েছে। ঘ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৩নং (গ) কলামে প্রাপ্ত প্রবৃদ্ধিতে ২৯৪৮/- কম দেখানো হয়েছে। ঙ) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ক্রম.উপকারভোগী এবং ঋণ সংখ্যা একই দেখানো হয়েছে যা সঠিক হয়নি। কেননা ১ম দফায় ঋণ গ্রহণকারী সকলেই উপকারভোগী হিসাবে গন্য হবে এবং ১ম দফাসহ অন্যান্য দফাসমূহের মোট ক্রম.ঋণ সংখ্যা।	এখনও আদায়যোগ্য হয়নি আসল ২০৩৯৯/- কম দেখানো হচ্ছে। এখনও বিতরণযোগ্য ব্যাংক স্থিতিতে ৬০৬৭/- বেশি দেখানো হচ্ছে। এখনও মাস শেষে কিস্তি খেলাপী আদায়যোগ্য আসল ৫২৫৮২/- বেশি দেখানো হচ্ছে। এখনও প্রাপ্ত প্রবৃদ্ধিতে ১৫৯৭/- বেশি দেখানো হচ্ছে। সংশোধন হয়েছে	৫টি	৫টি এখনও বিদ্যমান
০৩.	সদর	ক) ঋণ কর্মসূচি মূল্যায়ন প্রতিবেদনে ৬নং (ঘ) কলামে ক্রম.বিতরণ ৩০৭০০০০/- তদস্থলে ঋণের মাসিক প্রতিবেদনে ৩নং কলামে মোট বিতরণ ৩৬৯০০০০/- দেখানো হয়েছে।	সংশোধন হয়েছে	১টি	১টি

০২। বর্ণিত অবস্থায়, পলাশবাড়ী উপজেলার মাসিক প্রতিবেদনে কর্মশালা পরবর্তী মাসে এখনও কেন অসংগতি বিদ্যমান রয়েছে তার কারণ আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জানাতে বলা হলো। একইসঙ্গে উপরোক্ত উপজেলার চিহ্নিত অসংগতি আগামী ১২/১১/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে সংশোধন করে সংশ্লিষ্ট মাসের (অক্টোবর/১৭) ঋণের প্রতিবেদনে প্রতিফলন ঘটিয়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলো।


মোঃ শাহীনুর রহমান
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)
ফোনঃ ৯৫১৫০১৯
Email-addydp@gmail.com

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা


যুব উন্নয়ন অধিদপ্তর,.....

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩২.১৫.- ৪৮২

অনুলিপি বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা জেলাকে সংশ্লিষ্ট উপজেলা থেকে যথাসময়ে পাক্ষিক প্রতিবেদন সংগ্রহ করতঃ তাঁর মন্তব্যসহ অগ্রায়ন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ।


মোঃ শাহীনুর রহমান
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)